গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সুরক্ষা সেবা বিভাগ
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
বহিরাগমন শাখা-৩
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০৪২.০৩৪.০০২.১৯- ২৯০

তারিখ: ১৬ বৈশাখ ১৪৩২
২৯ এপ্রিল ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়ঃ দ্বৈত নাগরিকত্ব সনদ এর আবেদন সংক্রান্ত।

এতদ্বারা নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে দ্বৈত নাগরিকত্বের আবেদন আগামী ১৫/০৫/২০২৫ তারিখ থেকে সরাসরি হার্ডকপিতে (অফলাইনে) গ্রহণ করা হবে না। সেবা প্রদানে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ এবং দ্রুততমসময়ে সেবা প্রদানের লক্ষ্যে আগামী ১৬/০৫/২০২৫ তারিখ থেকে দ্বৈত নাগরিকত্ব সনদ এর আবেদন শতভাগ অনলাইনে গ্রহণ ও নিষ্পত্তি করা হবে।

২। scs.ssd.gov.bd লিংক এ নিজস্ব gmail আইডি দিয়ে Login করে অনলাইনে ফরম পূরণ, প্রয়োজনীয় ডকুমেন্ট আপলোড ও ই-পেমেন্টের মাধ্যমে সরকারি ফি পরিশোধ করে আবেদন করা যাবে।

৩। আবেদন অনলাইনে নিষ্পত্তির পর ডিজিটাল সনদ আবেদনকারী ই-মেইলে প্রাপ্ত হবেন। নিজস্ব gmail আইডি থেকে QR Code সম্বলিত ডিজিটাল সনদ ডাউনলোড করে সংগ্রহ করা যাবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

২৯/৪/২০২৫


আলীমুন রাজীব
উপসচিব
ফোন-০২-২২৩৩৫৪৩১৩
ই-মেইল: immi3@ssd.gov.bd


বিতরণ জ্ঞাতার্থে ও কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পররাষ্ট্র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (বিদেশস্থ বাংলাদেশ দূতাবাস/মিশনকে অবহিত করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, বিশেষ শাখা, পুলিশ অধিদপ্তর;
৩। যুগ্মসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ;
৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৬। প্রজেক্ট কোঅর্ডিনেটর, বিজনেস অটোমেশন লিমিটেড, ঢাকা;
৭। অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮। যুগ্মসচিব (বহি:-২) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।